**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**1 SEPTEMBER 2025** **7:35 AM IST**

==========================================================================

দেশে স্থানীয় শিল্পীদের নির্মিত সামগ্রীর ব্যবহারে উৎসাহ যোগাতে ভোকাল ফর লোকাল ,আত্মনির্ভর ভারত এবং বিকশিত ভারতের মন্ত্রে এগিয়ে চলা উচিত । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল আকাশবাণীর মন কী বাত অনুষ্ঠানে অংশ নিয়ে উৎসবের মেজাজে দেশবাসীর স্বদেশী সামগ্রীর কথা ভুলে যাওয়া উচিত হবে না বলে মন্তব্য করেন । জীবনের সঙ্গে জড়িত সব সামগ্রী স্বদেশী হতে হবে বলে প্রধানমন্ত্রী জানান ।

কেন্দ্রীয় লোকসেবা আয়োগের বিভিন্ন পরীক্ষার সকল পর্যায় সফলতার সঙ্গে পার করা , কিন্তু চূড়ান্ত মেধা তালিকায় স্থান না পাওয়া প্রার্থীদের তথ্য মজুত করা প্রতিভা সেতু ডিজিটাল মঞ্চের বিষয়ে প্রধানমন্ত্রী উল্লেখ করেন । প্রধানমন্ত্রী বলেন যে এই পোর্টেলের মাধ্যমে ব্যাক্তিগত কোম্পানীগুলি এই প্রতিভাবান শিক্ষার্থীদের তথ্য আহরণ করতে করতে পারবে এবং তাঁদের নিয়োগ করতে
পারবে । এই পোর্টেলের মাধ্যমে শতাধিক প্রার্থী কর্মসংস্থানের সুযোগ লাভ করেছে বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন ।

---

মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা আজ শ্রীভূমি জেলা সফর করবেন । মূখ্যমন্ত্রী আজ সকাল ১০টায় শ্রীভূমি জেলার পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের আঞ্চলিক পঞ্চায়েত হাইস্কুলের খেলার মাঠে নির্মিত অস্থায়ী হেলিপ্যাডে অবতরন করে পাথারকান্দি মন্ডল বি জে পি কার্যালয়ের উদ্বোধন করবেন । মূখ্যমন্ত্রী পাথারকান্দি মুন্ডমালায় মূখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের অধীনে প্রায় ১৬ হাজার মহিলা হিতাধিকারীর হাতে চেক তুলে দেবেন । এরপর মূখ্যমন্ত্রী হেলিকপ্টারে করে শিলচর ফিরে আসবেন ।

এদিকে শ্রীভূমি জেলা প্রশাসনের পক্ষ থেকে মূখ্যমন্ত্রীর আজ শ্রীভূমির পাথারকান্দি সফর উপলক্ষ্যে ৮ নম্বর জাতীয় সড়কে ট্রাক ও ভারী বানিজ্যিক যান চলাচলের উপর নিষেধাজ্ঞা জারী করা হয়েছে ।

---

শিলচর ক্যাপিটেল পয়েন্ট থেকে রাঙ্গিরখাড়ী পর্যন্ত উড়াল সেতু নির্মানের জন্য প্রায় ৭০০ কোটি টাকা ব্যয় করা হবে এবং আগামী নভেম্বর-ডিসেম্বর মাসে উড়াল সেতুর শিলান্যাস করা হবে বলে মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন । গতকাল শিলচর রাঙ্গিরখাড়ী পয়েন্টে নেতাজী সুভাষ চন্দ্র বসুর নবনির্মীত মূর্তি উন্মোচন করে মূখ্যমন্ত্রী ডক্টর শর্মা সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে একথা জানান ।

**মূখ্যমন্ত্রী জানান যে --------বাইট**

অন্যদিকে মুখ্যমন্ত্রী গতকাল ঘুংগুর বাইপাস পয়েন্টে স্বাধীনতা সংগ্রামী শহীদ মঙ্গল পান্ডের পূর্ণাবয়ব প্রতিমূর্তিরও উন্মোচন করেন । পরে মূখ্যমন্ত্রী জানান যে বড়োল্যান্ডে নির্বাচনের পর আগামী অক্টোবর মাসের শেষ দিকে বা নভেম্বর মাসের প্রথম দিকে শিলচর পৌর নিগমের নির্বাচন অনুষ্ঠিত হবে । **মূখ্যমন্ত্রী বলেন ------বাইট**

---

গতকালের অনষ্ঠানে মুখ্যমন্ত্রীর সঙ্গে রাজ্যসভার সাংসদ কণাদ পুরকায়স্থ , মন্ত্রী কৌশিক রাই , মন্ত্রী কৃষ্ণেন্দু পাল , শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য , কৃপানাথ মালা , বিধায়ক দীপায়ন চক্রবর্তী সব বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন । এদিকে কাছাড় জেলার উধারবন্দ এবং লক্ষীপুরের ১৯ টি গ্রাম ডিমা হাসাও জেলার সঙ্গে সংযুক্ত করার জন্য শুধুমাত্র মূল্যায়ন করা হয়েছে । বরাক উপত্যকার জনসাধারণের মতামত নেওয়ার পর সিদ্ধান্ত গ্রহণ করা হবে বলে মূখ্যমন্ত্রী জানিয়েছেন

---

হাইলাকান্দির খাদ্য ও সরবরাহ বিভাগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে জেলায় আগষ্ট মাসের গন বন্টনের কেরোসিন বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে খাদ্য সুরক্ষার কার্ড প্রতি রেশন দোকান মারফৎ শহর ও গ্রামঞ্চলে ১২০ মিলি লিটার করে এবং হকার প্রতি ৩৯ মিলি লিটার করে নীল কেরোসিন বন্টন করা হবে ।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ বদরপুর গ্রেটারের ব্যবস্থাপনায় আজ কাটিগড়া এম জি মডেল হাসপাতালে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

---